

আইআইইউসি'র এন্স ক্লাবের স্মরণ সভায় ভিসি প্রফেসর গোলাম মহিউদ্দিন

কাজী নেহলিন ঐক্যের প্রতীকের নাম

তার স্মৃতি অমলিন করে রাখা হবে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন বলেছেন, কাজী নেহলিন ঐক্যের প্রতীকের নাম, তার স্মৃতি অমলিন করে রাখা হবে।

আজ বৃহস্পতিবার সকালে আইআইইউসি'র ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারারি সোসাইটি (এন্স) আয়োজিত আইআইইউসি'র ছাত্রী কাজী নেহলিনের এক স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন এ কথা বলেন। উল্লেখ্য গত বছর ১৯ আগস্ট এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের সপ্তম সেমিস্টারের ছাত্রী কাজী নেহলিনের স্মরণে আজ এই আলোচনা ও দোয়া অনুষ্ঠান আয়োজন করা হয়। আইআইইউসি'র ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান মোহাম্মদ ইফতেখার উদ্দিনের সভাপতিত্বে সেমিনার হলে অনুষ্ঠিত এ আয়োজনে অতিথি বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, কাজী নেহলিনের বাবা ডাঃ কাজী আলী আকবর, আইআইইউসি'র কলা ও মানবিক অনুষদের ডীন প্রফেসর মুহাম্মদ হুমায়ুন কবীর এবং ইকনোমিক্স এন্ড ব্যাংকিং বিভাগের কো-অর্ডিনেটর প্রফেসর ড. সাইফুল ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইএলএল বিভাগের শিক্ষক মুহাম্মদ সফিউর রহমান, সালমা হক, তাহের সেলিম, ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক জাহিদ হোসেন ভূঁইয়া এবং ছাত্র-ছাত্রীদের পক্ষে শাহরিয়ার নাফিস, সুমাইয়া ও পাপড়ি। নেহলিনের মা'ও অনুষ্ঠানে তার অনুভূতি ব্যক্ত করেন।



আইআইইউসি'র ছাত্রী কাজী নেহলিনের স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন বলেন, নেহলিন একজন শহীদের মর্যাদা পাবেন। তার বাবা-মাও এর জন্যে আল্লাহর কাছে পুরস্কৃত হবেন। নেহলিনের প্রতি শিক্ষক-ছাত্র-ছাত্রীদের ভালবাসা দেখে মুগ্ধ হয়েছেন উল্লেখ করে তিনি বলেন, নেহলিনকে যাতে আইআইইউসি পরিবার ভুলে না যায় সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেয়া হবে।

কাজী নেহলিনের বাবা ডাঃ কাজী আলী আকবর বলেন, আমার মেয়ের এক প্রচন্ড ভালবাসার নাম ছিল আইআইইউসি। নেহলিন সবসময় ঐকোর পক্ষে ছিল। সবাইকে একসুতোয় বেঁধে রাখতে চাইত। সে আমাদের অভিভাবকে পরিণত হয়েছিল।

সভাপতির বক্তব্যে আইআইইউসি'র ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান মোহাম্মদ ইফতেখার উদ্দিন বলেন, একজন শিক্ষক, একজন বাবা হিসেবে নেহলিনের মর্মান্তিক মৃত্যুর জন্য নিজেকে ক্ষমা করতে পারছি না। এই অমায়িক ছাত্রীটি মৃত্যুর স্মৃতি সারাজীবন বিবেকের দরজায় আঘাত করে যাবে।

আলোচনা শেষে নেহলিনের মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন, আইআইইউসি'র শিক্ষক প্রফেসর ড. বি এম মফিজুর রহমান। প্রেস বিজ্ঞপ্তি

(মোসতাক খন্দকার)

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম